



২৩ নভেম্বর ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কনভোকেশন অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি জ্ঞাপন

আজ ২৩.১১.২০১৫ তারিখ বিকেল ৩:৩০ টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর নেতৃত্বে বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর মো. আব্দুল হামিদ-এর সঙ্গে সাক্ষাৎ করে তাঁকে শেরে বাংলা নগরস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১ম কনভোকেশনের তারিখ নির্ধারণ, এতে সভাপতিত্ব ও গ্র্যাজুয়েটদের আশীর্বাদ করার আমন্ত্রণ জানান। মহামান্য রাষ্ট্রপতি জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম কনভোকেশন অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণের কথা জেনে সন্তোষ প্রকাশ করে তিনি বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণ সানন্দে গ্রহণ করেন এবং ৩০শে নভেম্বর ২০১৬ কনভোকেশনের তারিখ নির্ধারণ করেন। তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এ উদ্যোগের সাফল্য কামনা করেন। বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দল মহামান্য রাষ্ট্রপতির কনভোকেশনের আমন্ত্রণ তাৎক্ষণিক গ্রহণ করায় তাঁর প্রতি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং তাঁর সুস্বাস্থ্য কামনা করেন। প্রতিনিধি দলের অন্যান্য সদস্যগণ হলেন: প্রো-উপাচার্য প্রফেসর ড. মোঃ আসলাম ভূঁইয়া ও প্রফেসর ড. মুনাজ আহমেদ নূর, কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ নোমান উর রশীদ ও রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

Mail: pr@nu.edu.bd



মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এর সঙ্গে ২৩ নভেম্বর ২০১৫ তারিখ সোমবার বঙ্গভবনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর নেতৃত্বে এক প্রতিনিধিদল সাক্ষাত করেন

।